



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।

ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com

ওয়েব সাইট : www.gccc.edu.bd.



স্মারক নং-সসিক/

তারিখ : ০৩/০৮/২০২০।

বিজ্ঞপ্তি

এই কলেজের দিবা ও বৈকালিক শাখার সকল ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.১৪০, তারিখ : ৩০/০৭/২০২০ মোতাবেক জাতীয় শোক দিবস ২০২০ ও মুজিববর্ষ উপলক্ষে 'আমার মুজিব' শিরোনামে শিক্ষার্থীদের নিকট হতে লেখা এবং ছবি আহ্বান করা হচ্ছে। আগ্রহী শিক্ষার্থীদেরকে আগামী ০৬/০৮/২০২০ তারিখ দুপুর ১২:০০টা'র মধ্যে লেখা এবং ছবি (আঁকা ছবি) কলেজ ই-মেইল (info@gccc.edu.bd) এ জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

শ্রেণি	বিভাগ
একাদশ ও দ্বাদশ	গ
অনার্স, মাস্টার্স, ডিগ্রি (পাস)	ঘ

উল্লেখ্য, শিক্ষার্থীরা শুধু লেখা, শুধু ছবি; অথবা লেখা ও ছবি একসঙ্গে জমা দিতে পারবে। লেখার জন্য প্রতি উপজেলায় প্রতিটি বিভাগ থেকে দুইজন করে শ্রেষ্ঠ লেখককে পুরস্কার প্রদান করা হবে। ছবির ক্ষেত্রে পুরস্কারের জন্য শিল্পীদেরকে জাতীয়ভাবে নির্বাচন করা হবে। এক্ষেত্রে প্রতি বিভাগ থেকে ২৫ জন করে ৪টি বিভাগে মোট ১০০ জন পুরস্কার পাবে। পরবর্তীতে বাছাই করা লেখা ও ছবিগুলো নিয়ে 'আমার মুজিব' নামে একটি গ্রন্থ প্রকাশ করা হবে।

অনুসরণীয় নিয়মাবলী :

১. লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A⁴ সাইজের সাদা কাগজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে 'আমার মুজিব' শিরোনামে অনধিক ১০০ শব্দের একটি লেখা নিজ হাতে অথবা কম্পিউটারে (Nikosh Font-এ ১৩ সাইজে) লিখবে;
২. ছবি আঁকার ক্ষেত্রে A⁴ সাইজের সাদা কাগজে/আর্ট পেপারে 'আমার মুজিব' বিষয়ে একটি ছবি আঁকবে (যে কোন মাধ্যমে)।
৩. লেখার ক্ষেত্রে লেখার নিচে এবং ছবির ক্ষেত্রে ছবির পিছনে বিভাগের নাম (গ/ঘ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখসহ পাসপোর্ট সাইজের শিক্ষার্থীর একটি ছবি সংযুক্ত করবে।


৩/৮/২০২০
অধ্যক্ষ

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।